# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-ঢাশিবো/বি/নতুন/৪৭৯/টাং-(অংশ-১) /৪৬৪

২৬/০৫/২৫

বিষয় : *বিদ্যালয় স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।*

সূত্র : ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪১.০০২.২৪.১২০; তারিখ: ০৮/০৫/২০২৫ ইং।
২। বোর্ডের ০৮/০৮/২০২৪ ইং তারিখের মঞ্জুরী কমিটির সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তে "জোহরা কামাল আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়"-কে পত্র ইস্যুর তারিখ হতে নিম্ন মাধ্যমিক পর্যায়ে স্থাপনের অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহঃ

১। স্থাপনের অনুমতিকে কোন ক্রমেই বিদ্যালয়ের পাঠদানের প্রাথমিক অনুমতি হিসাবে গণ্য করা যাবে না।
২। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং পাঠদানের আবেদন করার পূর্বে বিদ্যালয়ের নামে জমির দলিল ও খতিয়ান করত: উক্ত জমিতে ভবন নির্মানসহ বিদ্যালয় স্থানান্তর করে শ্রেনী উপযোগী করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে পাঠদানের অনুমতি দেয়া হবে না।
৩। বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
৪। সংরক্ষিত ও সাধারণ তহবিলে যথাক্রমে ২,০০,০০০/-(দুই লক্ষ) ও ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যাংকে জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলের অর্থ বোর্ডের অনুমতি ব্যতিত উত্তোলণ করা যাবে না।
৫। পাঠদানের অনুমতির জন্য আবেদনকালে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৩ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্নমাধ্যমিক স্তরের জন্য ১৮,০০,০০০ (আঠার লক্ষ) টাকা যৌথনামে (১. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতি ২. জেলা শিক্ষা অফিসার) প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
৬। বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে এবং কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে বোর্ড বা সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।
৭। দাখিলকৃত তথ্যে ভূল প্রমানিত হলে উক্ত আদেশ বাতিল বলে গন্য হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর কাজী ফয়জুর রহমান
আইডি নং-০০৯২৫১
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৮৬১০০৬৯
ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক: প্রধান শিক্ষক
জোহরা কমাল আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়
পো: সোনামুই বাজার; উপজেলা: গোপালপুর; জেলা : টাংগাইল।

মেমো নং- ৪৬৪(১১)

তারিখ : ২৬/০৫/২৫

*সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :*

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। *মহাপরিচালক ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।*
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। জেলা প্রশাসক, টাংগাইল।
৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা
৭। জেলা শিক্ষা অফিসার, টাংগাইল।
৮। উপজেলা শিক্ষা অফিসার, গোপালপুর, টাংগাইল।
৯। সভাপতি, পরিচালনা কমিটি, জোহরা কামাল আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, গোপালপুর, টাংগাইল
১০। পি.এস.-টু চেয়ামান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১১। অফিস কপি।

স্বাঃ 26.05.25

২৬/০৫/২৫

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।